দৈনিক ইনকিলাব

তারিখ 29 SEP 1987 পৃঃ 1 কলাম 8



# ৭৩ দিন পর আজ বিশ্ববিদ্যালয় খুলছে

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

দীর্ঘ ৭৩ দিন একটানা অনির্ধারিত বন্ধ শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস আজ আবার শুরু হচ্ছে। গত ১৫ জুলাই দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষ ও ৩ জনের হত্যাকাণ্ডের পর উদ্ভুত পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় ঐদিন অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়।

এদিকে ক্লাস শুরুর প্রথমদিনে আজ সকাল সাড়ে ১১ টায় অপরাজেয় বাংলার পাদদেশে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার

৭ এর পাতায় দেখুন

## বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

পরিবেশ পরিষদ ছাত্র-শিক্ষক-কর্মচারীদের এক সমাবেশ আহ্বান করেছে। সমাবেশে ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বক্তৃতা করবেন। সমাবেশ শেষে একটি মৌন মিছিল বের করা হবে। মিছিলটি সমগ্র ক্যাম্পাস প্রদক্ষিণ করবে। এজন্য সকাল ১১টা থেকে দুপুর ১টা ৩০মিঃ পর্যন্ত সকল ক্লাস বন্ধ থাকবে।

গত মধ্য জুলাই দু'দল ছাত্রের সংঘর্ষে নিহত ছাত্র আসাদ আহমেদ মুন্না ও ওয়াদুদ হালিম এবং রিকশাওয়ালা আবদুর রহিমের স্মৃতির প্রতি শ্রদ্ধা প্রদর্শন ও শিক্ষার সুষ্ঠু এবং সন্ত্রাসমুক্ত পরিবেশ অক্ষুণ্ণ রাখার সংকল্প ব্যক্ত করার উদ্দেশ্যে উপরোক্ত কর্মসূচী নেয়া হয়েছে।

শিক্ষার পরিবেশ পরিষদ এ কর্মসূচীতে অংশ নেয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক-কর্মচারী ও কর্মকর্তাকে অনুরোধ জানিয়েছেন।

উল্লেখ্য, গত ২২ সেপ্টেম্বর আবাসিক হলগুলো কড়া নিরাপত্তা ও পুলিশ প্রহরার মধ্যে খোলা হয়েছে।

**সিট বরাদ্দের জন্য দরখাস্ত আহ্বান**

সূর্যসেন হলের শূন্য সীটসমূহ মেধার ভিত্তিতে বন্টনের জন্য হলের সংশ্লিষ্ট ছাত্রদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে। প্রতিদিন অফিস থেকে ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে আগামী ১১ অক্টোবরের মধ্যে হল অফিসে দাখিল করতে বলা হয়েছে। ১২ অক্টোবর সকাল ৮টায় আবেদনকারীদের সাক্ষাতকার গ্রহণ করা হবে।